কালের কণ্ঠ

তারিখ ... 27 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# এমপিওভুক্তি নিয়ে সংসদে ক্ষোভ, মন্ত্রী বললেন জবাব নেই

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি নিয়ে আবারও ক্ষোভ প্রকাশ করেছেন সংসদ সদস্যরা। জাতীয় সংসদে গতকাল মঙ্গলবার অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে কবে, কিভাবে এমপিওভুক্তির কাজ শুরু হবে তা জানতে চেয়েছেন এমপিরা। জবাবে অসহায়ত্ব প্রকাশ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'আমার কোনো জবাব নেই। তবে বিকল্পের অপেক্ষায় আছি। দ্রুতই শুরু করা সম্ভব হবে বলে আশা করছি।'

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিকেলে সংসদ অধিবেশনের শুরুতেই একের পর এক প্রশ্নের মুখে পড়েন শিক্ষামন্ত্রী। সম্পূরক প্রশ্নের সুযোগ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন সরকারি দলের সদস্য আ খ ম জাহাঙ্গীর হোসাইন। তিনি বলেন, 'আমরা শিক্ষাপ্রতিষ্ঠান নিবন্ধন দেব। সাবজেক্ট খোলার অনুমোদন দেব। নিয়মিত শিক্ষা কার্যক্রম মনিটর করব। অথচ এমপিওভুক্ত করব না—এটা হতে পারে না।'

জবাবে শিক্ষামন্ত্রী বলেন, 'আমি মাননীয় সদস্যের বক্তব্যের সঙ্গে শতভাগ একমত। কিন্তু এ বিষয়ে আমার কাছে জবাব নেই। বেতন দিতে পারব না অথচ অনুমোদন দেব—এটা আমিও চাই না। তার পরও সদস্যদের চাপের মুখে অনুমোদন দিতে হয়।'

এর আগে একই বিষয়ে সম্পূরক প্রশ্ন উত্থাপন করেন সরকারদলীয় হুইপ আতিউর রহমান আতিক ও মনিরুল ইসলাম। জবাবে শিক্ষামন্ত্রী বলেন, এ নিয়ে নিয়মিত আলোচনা চলছে। সরকারের কাছে নানাভাবে বিষয়টির গুরুত্ব তুলে ধরা হয়েছে। অর্থ পেলেই এমপিওভুক্তি শুরু হবে।

এমপিওভুক্তি নিয়ে লিখিত প্রশ্ন উত্থাপন করেন সরকারি দলের সদস্য সিরাজুল ইসলাম মোল্লা, বেগম সেলিনা আখতার বানু, আলী আজম, বেগম আখতার জাহান, বেগম নূরজাহান বেগম, নবী নেওয়াজ, বেগম জেবুন্নেসা আফরোজা ও মোর্শেদ আলম এবং বিরোধী দল জাতীয় পার্টির ফখরুল ইমাম ও তরিকত ফেডারেশনের এম এ আওয়াল। তাঁদের প্রশ্নেও অনেকটা অভিন্ন জবাব দেন শিক্ষামন্ত্রী।